

## AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

**Date: 22.11.2024**

**Time: 7.50 P.M.**

### বিশেষ বিশেষ খবর -

১) রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আগামী সোমবার ২৫-শে নভেম্বর। তার আগে আজ অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের পৌরোহিত্যে বিধানসভায় এক সর্বদলীয় বৈঠক হয়।

এবারের অধিবেশনে কলকাতা থেকে লন্ডন-শিকাগো সহ একাধিক শহরে বিমান চলাচল সংক্রান্ত একটি প্রস্তাব আনা হবে।

২) রাজ্যে শাকসবজি বিশেষ করে আলু ও পেঁয়াজের অস্বাভাবিক দাম নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ক্ষেত্র প্রকাশ করার পর রাজ্য সরকার গঠিত টাঙ্কফোর্সের সদস্যরা আজ বিভিন্ন বাজারে হানা দেন। মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো আপাতত ভিন্ন রাজ্যে রফতানি বন্ধ রাখা হবে বলে সিদ্ধান্ত হয়েছে।

৩) রাজ্যের ৬-টি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের ভোট গণনা আগামীকাল। এজন্য সমস্ত প্রস্তুতি সম্পূর্ণ।

৪) দক্ষিণ কলকাতার কসবায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলার সুশান্ত ঘোষকে গুলি করার ঘটনায় কলকাতা পুলিশের গুভাদমন শাখা আজ বিহারের সমস্তিপুর থেকে একজনকে গ্রেফতার করেছে।

৫) লোহা বালির অবৈধ কারবারের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে ধৃত দুর্গাপুর পুর নিগমের প্রাক্তন কাউন্সিলার অরবিন্দ নন্দী ও তৃণমূল কংগ্রেসের ব্লক সহ সভাপতি রিন্টু পাঁজার তিনদিনের পুলিশ হেফাজত।

৬) ইডেনে কোচবিহার ট্রফি ক্রিকেটে বাংলা এক ইনিংস ও ৮৭ রানে সৌরাষ্ট্রকে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আগামী সোমবার ২৫-শে নভেম্বর। তার আগে আজ অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের পৌরোহিত্যে বিধানসভায় এক সর্বদলীয় বৈঠক হয়। বৈঠকের পর অধ্যক্ষ সাংবাদিকদের বলেন,

( বাইট - বিমান বন্দ্যোপাধ্যায় )

সর্ব দলীয় বৈঠকের পর কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে স্থির হয়, অধিবেশনের কার্যসূচী। একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে শাকসবজি বিশেষ করে আলু ও পেঁয়াজের অস্বাভাবিক দাম নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ক্ষেত্র প্রকাশ করার পর রাজ্য সরকার গঠিত টাক্সফোর্সের সদস্যরা আজ বিভিন্ন বাজারে হানা দেন। বেআইনিভাবে কোথাও সবজি অতিরিক্ত দামে বিক্রি করা হচ্ছে কিনা তার খোঁজ নেওয়া হয়। অন্যায়ভাবে অতিরিক্ত দাম নিলে পুলিশ উপযুক্ত ব্যবস্থা নিতে পারে বলেও ব্যবসায়ীদের হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

পরে বিকালে মুখ্য সচিবের নেতৃত্বে নবান্নে টাক্সফোর্সের বৈঠক বসে। সেখানে স্থির হয়েছে মুখ্যমন্ত্রীর নির্দেশ মত আপাতত ভিন রাজ্যে আলু ও পেঁয়াজের রপ্তানি বন্ধ রাখা হবে।

টাক্সফোর্স এর অন্যতম সদস্য রবীন্দ্রনাথ কোলে সাংবাদিকদের জানিয়েছেন, 26 টাকা করে আলুর দাম রাখার কথা হলেও, বেশী দামে তা বিক্রি হচ্ছে। অন্য রাজ্যে রফতানির ক্ষেত্রেও প্রতিশ্রুতি রক্ষা করা হয় নি। সেই কারণেই আলুর দাম বেড়ে গেছে। তবে আগামী মাস থেকেই সব আলু হিমঘর থেকে বেরোনোর কথা। সেক্ষেত্রে ওই সময় আলুর দাম কিছুটা কমবে বলে তিনি আশা প্রকাশ করেন।

( বাইট - রবীন্দ্রনাথ কোলে)

পেঁয়াজের চড়া দাম প্রসঙ্গে রবীন্দ্রনাথ বাবু বলেন, রাজস্থানের আলোয়ার ও দক্ষিণের রাজ্যগুলি থেকে পেঁয়াজ ঢুকতে শুরু করেছে। এবার এটির দামও ধীরে ধীরে কমে যাবে বলে আশা করা হচ্ছে।

এদিকে, আলুর দাম বৃদ্ধি নিয়ে মুখ্যমন্ত্রী দ্বিচারিতা করছেন বলে সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

(বাইট - সুজন)

০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজির গতকালের সাংবাদিক বৈঠকের বক্তব্য পরম্পরাবিরোধী বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, , মুখ্যমন্ত্রী ১৩বছরের বেশি সময় পুলিশ মন্ত্রীর পদে রয়েছেন। পুলিশ প্রশাসন সম্পর্কে তিনি গতকাল যা বলেছেন তা অত্যন্ত উদ্বেগজনক। মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী তার বিশ্বাসযোগ্যতা হারিয়েছেন। তাই অবিলম্বে তার পদত্যাগ করে মানুষের মতামত নেওয়া উচিত।

(বাইট - শুভেন্দু)

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী গতকাল নবান্নে এক সাংবাদিক বৈঠকে বলেন, আন্তর্জাতিক স্তরে রাজনৈতিক অস্থিরতার সুযোগে রাজ্যে জাল টাকা এবং অন্তর্শস্ত্রের আদানপ্রদান বাড়ছে। একের পর এক অপরাধমূলক ঘটনা সামনে আসছে। এর জন্যে তিনি পুলিশের একাংশ কে দায়ী করে এই অবস্থায় রাজ্যের সুরক্ষা ও নিরাপত্তা আরও মজবুত করতে প্রশাসনকে একগুচ্ছ পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের মন্দারমণিতে আপাতত কোন অবৈধ হোটেল বা লজ ভাঙা যাবে না বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। গত ১১-ই নভেম্বর অবৈধ হোটেল-লজ ভেঙে ফেলার ব্যাপারে জেলা প্রশাসনের নির্দেশের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। আপাতত আগামী ১৩-ই ডিসেম্বর পর্যন্ত এই নির্দেশ কার্যকর থাকবে। চোঠা ডিসেম্বরের মধ্যে বিষয়টি নিয়ে পূর্ব মেদিনীপুরের জেলাশাসককে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। ১০-ই ডিসেম্বর মামলার পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০

ঝাড়খন্দ এবং মহারাষ্ট্র বিধানসভার সঙ্গেই এরাজ্যের ৬ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের ভোট গণনা আগামীকাল। এজন্য সমস্ত প্রস্তুতি সম্পূর্ণ।

সকাল আটটায় গণনা শুরু হবে। প্রথমে গণনা হবে পোস্টাল ব্যালট, তারপর ইভিএম-এর ভোট। কমিশন জানিয়েছে দুপুর ১-টার মধ্যে বেশিরভাগ ফলাফলই জানা যাবে। তবে, সম্পূর্ণ ফলাফল ঘোষণা হতে সঙ্গে গড়িয়ে যাবে।

কোচবিহারের সিতাই বিধানসভা কেন্দ্রের ভোট গণনা হবে দিনহাটী কলেজে। আলিপুরদুয়ার ইনডোর স্টেডিয়ামে মাদারিহাট এবং বক্ষিমাঞ্জলি স্টেডিয়ামে নৈহাটি। হাড়োয়া পিজি স্কুলে হবে হাড়োয়া কেন্দ্রের ভোট গণনা। অন্যদিকে মেদিনীপুর কলেজে গণনা হবে ওই কেন্দ্রের ভোট। বাঁকুড়ার তালডাংরা বিধানসভার উপনির্বাচনের ভোট গণনা করা হবে সিমলাপাল মদনমোহন হাইস্কুলে।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে লোকসভা ও বিধানসভার মতো গণনা কেন্দ্রের ২৭০ মিটারের বাইরে জারি থাকবে ১৬৩ ধারা। গণনা কেন্দ্রের ভেতরে থাকবে সিসিটিভি। গণনার কাজ শেষ হলেই তা কাউন্টিং অবজার্ভার ও রিটার্নিং অফিসারের কাছে পাঠানো হবে। বিস্তারিত খতিয়ে দেখে তারা চূড়ান্ত ফলাফল ঘোষণা করবেন।

উল্লেখ্য, এই ৬ টি বিধানসভা আসনের উপ নির্বাচনে ভোট নেওয়া হয় গত ১৩ ই নভেম্বর।

এদিকে, ব্যালটবক্সগুলি এখন রাখা আছে স্ট্রিংরুমে, সেগুলির পাহারার জন্য মোতায়েন আছে এক প্লেটুন কেন্দ্রীয় বাহিনী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উপ-নির্বাচনের ফলাফল ঘোষণার পরেই তৃণমূল কংগ্রেস দলের কর্ম সমিতির বৈঠকে বসতে চলেছে। দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে সোমবার বিকেল চারটায় কালীঘাটে তার বাসভবনে এই বৈঠক ডাকা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৪-শে নভেম্বর আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে এই অনুষ্ঠানের ১১৬-তম পর্ব।

সাধারণ মানুষ, টোল ফ্রি নম্বর ১৮০০- ১১- ৭৮০০ তে ফোন করে এই অনুষ্ঠান নিয়ে তাদের মতামত, পরামর্শ দিতে পারেন। ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে সরাসরি প্রধানমন্ত্রীকে তা দেওয়া যাবে। নরেন্দ্র মোদি অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামেও জনসাধারণ তাদের মতামত বা প্রস্তাব দিতে পারেন।

২৪-শে নভেম্বর বেলা ১১ টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ কলকাতার কসবায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলার সুশান্ত ঘোষকে গুলি করার ঘটনায় কলকাতা পুলিশের গুরুদমন শাখা আজ বিহারের সমস্তিপুর থেকে একজনকে গ্রেফতার করেছে। মহম্মদ ফুলবাবু নামে ওই ব্যক্তিকে আজ সমস্তিপুর আদালতে

তোলার পর ট্রানজিট রিমার্কে কলকাতায় নিয়ে আসা হচ্ছে। সে সমস্তিপুরেরই বাসিন্দা  
বলে জানা গেছে।

এই নিয়ে এই ঘটনায় মোট ৪ জনকে গ্রেফতার করা হল। ধৃতদের মধ্যে আছে যে  
গুলি চালায়, সেই যুবরাজ সিং, ট্যাক্সি চালক আহমেদ ও গুলজার নামে আরও একজন।  
যে স্কুটারে যুবরাজ এসে সুশান্ত ঘোষকে গুলি করার চেষ্টা করে তার চালক এখনও  
অধরা। স্কুটারটি অবশ্য বন্ডেল গেট এলাকা থেকে পাওয়া যায়।

উল্লেখ্য গত ১৫-ই নভেম্বর সন্ধ্যায় সুশান্তবাবু বাড়ির সামনে বসেছিলেন, সেই  
সময়ই তাকে লক্ষ্য করে গুলি ছোঁড়ার চেষ্টা চলে।

০০০০০০০০০০০০০০০০

লোহা বালির অবৈধ কারবারের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দুর্গাপুর পুর নিগমের  
প্রাক্তন কাউন্সিলার অরবিন্দ নন্দী ও তৃণমূল কংগ্রেসের ব্লক সহ সভাপতি রিন্টু পাঁজাকে  
পুলিশ গ্রেফতার করেছে। রিন্টুর বিরুদ্ধে লোহা ও অরবিন্দের বিরুদ্ধে বালি চুরুরির  
অভিযোগ রয়েছে। ধৃতদের আজ দুর্গাপুর মহকুমা আদালতে তোলা হলে তিনদিনের  
পুলিশ হেফাজতে পাঠানো হয়।

০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কল্যাণী থানার কাছাড়িপাড়ায় 'ডাম্পিং গ্রাউন্ড'-এর জন্য চিহ্নিত একটি  
জমির পাঁচিল দেওয়াকে কেন্দ্র করে পুলিশের সঙ্গে স্থানীয়দের সংঘর্ষে ধৃত ১৭ জনকে  
আজ কল্যাণী আদালতে তোলা হয়। এদের মধ্যে ৪ জনকে পুলিশ হেফাজত ও ১৩  
জনকে জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, ধৃতদের মুক্তির দাবীতে গতরাতে কল্যাণী থানার সামনে স্থানীয় বাসিন্দারা  
অবস্থান শুরু করলো।

এই ঘটনায় ধৃত বিধায়ক অস্বিকা রায়কে PR বন্ডে স্বাক্ষর করে জামিন দেওয়ার কথা বললেও, সবাইকে না ছাড়ায় তিনি সেই বন্ডে সহ করতে রাজী হননি।

০০০০০০০০০০০০০০০০

ট্যাব কেলেক্ষারির ঘটনায় ধৃত রবীন্দ্র প্রসাদ সিংহ—কে আজ বর্ধমান আদালতে তোলা ৫ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

বিহারের কিষাণগঞ্জের মিলনচকের বাসিন্দা রবীন্দ্র প্রসাদকে বর্ধমান পুলিশের বিশেষ তদন্তকারী দল শিলিঙ্গড়ির দেবীডাঙ্গা থেকে গ্রেপ্তার করে। অতিরিক্ত পুলিশ সুপার জানিয়েছেন, ধৃত রবীন্দ্রকে ট্রান্সিট রিম্যান্ডে শিলিঙ্গড়ি থেকে পূর্ব বর্ধমানে আনা হয়।

তদন্তে জানা গেছে, প্রকৃত উপভোগ্তার পরিবর্তে বিভিন্ন অ্যাকাউন্টের নম্বর জোগাড় করায় রবীন্দ্র প্রসাদের বড় ভূমিকা ছিল।

০০০০০০০০০০০০০০০০

মালদার কালিয়াচকে রিলস্ বানাতে গিয়ে বন্দুকের গুলিতে এক স্কুল পাড়ুয়ার মৃত্যু হয়েছে। এই ঘটনায় তার বন্ধু এক কিশোরকে গ্রেফতার করেছে পুলিশ।

অভিযুক্তের বয়স ১৮ বছর হওয়ায় তাকে আজ মালদা আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

জানা গেছে, অষ্টম শ্রেণীর ছাত্র সামিউল ইসলাম এবং তার বন্ধু একটি সেভন এম.এম পিস্টল নিয়ে রিলস্ বানাচ্ছিল। সেই সময়ই গুলি চলে। প্রতিবেশীরা সামিউলকে রক্তাক্ত অবস্থায় দেখে তড়িঘড়ি সিলামপুর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করে। তাঁর মাথায় বুলেটের ক্ষত চিহ্ন রয়েছে। ধৃত কিশোরটি সামিউলের মাথায় বন্দুক রেখে গুলি চালায় বলে পুলিশের অভিযোগ। পরিবারের তরফেও খুনের অভিযোগ দায়ের করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০

ইডেনে কোচবিহার ট্রফি ক্রিকেটে বাংলা এক ইনিংস ও ৮৭ রানে সৌরাষ্ট্র কে হারিয়ে দিয়েছে। আজ তৃতীয় দিনে সৌরাষ্ট্র র দ্বিতীয় ইনিংস ২৪৭ রানে শেষ হয়ে যায়। উল্লেখ্য, সৌরাষ্ট্র প্রথম ইনিংসে ৯৪ রানের পর বাংলা করেছিল ৪২৮ রান।

টানা তিন ম্যাচ জিতে বাংলা ২০ পয়েন্ট সংগ্রহ করলো।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের জামালপুরে আবুবাটি ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের ক্যাটাগড়িয়া এলাকায় সপ্তম শ্রেণীর এক ছাত্রীর অস্বাভাবিক মৃত্যু হয়েছে। আজ দুপুরে বাড়ি থেকে তার ঝুলন্ত দেহ উদ্ধার হয়। পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। মেয়েটির বাবার অভিযোগ, কয়েকদিন ধরেই এলাকার এক যুবক তাকে ফোনে উত্ত্যক্ত করছিল, গতকাল সে হোয়াটসঅ্যাপে এক যুবকের সংগে তার এডিট করা অশ্লীল ছবি পাঠিয়ে পাঁচ লক্ষ টাকা দাবি করে। তা না দিলে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে দেওয়ার ভূমিকও দেয়। মেয়েটির বাবা যুবকের পরিবারকে জানাতে গেলে তাঁকে মারধর করা হয় বলে অভিযোগ। এই ঘটনা জানার পরই মেয়েটি আজ আত্মাবন্ধী হয়। পরিবারের পক্ষ থেকে পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০